



## ভর্তি

কারিগরি বোর্ডে ৪ বছরের ডিপ্লোমা কোর্সে ভর্তিতে আবেদন তিন ধাপে, ফি ১৬০

নিজস্ব প্রতিবেদক ঢাকা

প্রথম আলো ফাইল ছবি

কারিগরি শিক্ষা বোর্ডের আওতাধীন সব সরকারি ও বেসরকারি শিক্ষাপ্রতিষ্ঠানের (পলিটেকনিক ইনস্টিটিউট) ২০২৪-২৫ শিক্ষাবর্ষের ভর্তি আবেদন শুরু হয়েছে। এসএসসি ও সমমানের পরীক্ষায় উত্তীর্ণ শিক্ষার্থীরা এতে আবেদন করতে পারবেন। প্রথম ধাপের আবেদন চলবে ২৫ জুন পর্যন্ত। বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড ভর্তি-সংক্রান্ত বিজ্ঞপ্তিতে বলা হয়েছে, এবার তিন ধাপে ভর্তিতে আবেদন করার সুযোগ পাবে শিক্ষার্থীরা।

কারিগরি বোর্ডের বিজ্ঞপ্তিতে বলা হয়েছে, ২৬ মে থেকে ২০২৪-২৫ শিক্ষাবর্ষের চার বছর মেয়াদি ডিপ্লোমা-ইন-ইঞ্জিনিয়ারিং, ডিপ্লোমা-ইন-মেরিন ইঞ্জিনিয়ারিং, ডিপ্লোমা-ইন-টেক্সটাইল ইঞ্জিনিয়ারিং, ডিপ্লোমা-ইন-অ্যাগ্রিকালচার, ডিপ্লোমা-ইন-ফরেস্ট্রি, ডিপ্লোমা-ইন-ফিশারিজ, ডিপ্লোমা-ইন-লাইভস্টক এবং দুই বছর মেয়াদি এইচএসসি (বিএমটি-বিজনেস ম্যানেজমেন্ট অ্যান্ড টেকনোলজি), এইচএসসি (ভোকেশনাল), ডিপ্লোমা-ইন-কমার্স ও সার্টিফিকেট-ইন-মেরিন ট্রেড কোর্স শিক্ষাক্রমে ভর্তি কার্যক্রম শুরু হয়েছে। ভর্তি আবেদন অনলাইনে পূরণ করে ১৬২ টাকা ফি জমা দিতে হবে। এর মধ্য ১৬০টা আবেদন ফি ও মোবাইল অপারেটর ফি ২ টাকা।

কারিগরি বোর্ডে ভর্তি নীতিমালা.pdf

By using this site, you agree to our Privacy Policy.

## ডাউনলোড

## আবেদন ও ভর্তি নিশ্চায়নের সময়সীমা—

**\*প্রথম পর্যায়:** প্রথম পর্যায়ের আবেদন ২৬ মে থেকে শুরু হয়ে চলবে ২৫ জুন পর্যন্ত। এ পর্যায়ে ভর্তি নিশ্চায়ন করতে হবে আগামী ১ থেকে ৫ জুলাইয়ের মধ্যে।

**\*দ্বিতীয় পর্যায়:** দ্বিতীয় পর্যায়ে আগামী ৯ জুলাই আবেদন শুরু হয়ে চলবে ১১ জুলাই পর্যন্ত। এ পর্যায়ে ভর্তি নিশ্চায়নের তারিখ ১৫ থেকে ১৮ জুলাই।

**\*তৃতীয় পর্যায়:** দ্বিতীয় পর্যায়ে আবেদন শুরু হবে আগামী ২২ জুলাই থেকে। ২৫ জুলাই পর্যন্ত চলবে আবেদন। এ পর্যায়ে ভর্তি নিশ্চায়নের তারিখ ২৯ জুলাই।

ছবি: কারিগরি শিক্ষা বোর্ড থেকে নেওয়া

## চার বছর মেয়াদি কয়েক বিষয়ে আবেদন—

চার বছর মেয়াদি ডিপ্লোমা-ইন-ইঞ্জিনিয়ারিং/টেক্সটাইল/কৃষি/ফিশারিজ এবং দুই বছর মেয়াদি এইচএসসি (বিএমটি), এইচএসসি (ভোকেশনাল), ডিপ্লোমা-ইন-কমার্স ও সার্টিফিকেট-ইন-মেরিন ড্রেড কোর্সে ২৬ মে থেকে আবেদন শুরু হবে। আবেদন চলবে আগামী ৮ আগস্ট পর্যন্ত (রাত ৯টা পর্যন্ত)।

আবেদন ফর্ম

By using this site, you agree to our Privacy Policy.

\*আবেদনকারীকে বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ডের [www.bteb.gov.bd](http://www.bteb.gov.bd), <http://www.bteb.gov.bd>, [www.btebadmission.gov.bd](http://www.btebadmission.gov.bd) ও <http://www.btebadmission.gov.bd> বা সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের ওয়েবসাইটের নির্ধারিত আবেদন ফরমে আবেদন করতে হবে;

\*আবেদনপত্রের সব তথ্য যথাযথভাবে পূরণ করে সদ্য তোলা পাসপোর্ট সাইজের রঙিন ছবি আপলোড করতে হবে;

\*অনলাইন পেমেন্ট গেটওয়ে ব্যবহার করে ১৬০ টাকা আবেদন ফি জমা দিতে হবে।

## ক্লাস কবে শুরু—

এই শিক্ষাবর্ষে ক্লাস শুরুর সম্ভাব্য তারিখ আগামী ১১ আগস্ট।



প্রথম আলোর খবর পেতে গুগল নিউজ চ্যানেল ফলো করুন



 **prothomalo.com**

সম্পাদক ও প্রকাশক: মতিউর রহমান  
স্বত্ব © ১৯৯৮-২০২৪ প্রথম আলো